



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



পরিবীক্ষণ কমিটির ৪র্থ (চতুর্থ) সভার কার্যবিবরণী

সভাপতি প্রকৌঃ মোঃ আবদুর রশিদ
পরিচালক

সভার তারিখ ০৫ জুন, ২০২২ (রবিবার)

সভার সময় বিকাল ০৩.০০ ঘটিকা

স্থান এনএপিডি'র বোর্ড রুম

উপস্থিতি (ক) উপস্থিত সদস্যবৃন্দঃ জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.) এনএপিডি, জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা-১) এনএপিডি, জনাব তাহমিদুর রহমান (গবেষণা কর্মকর্তা-২)। (খ) অনুপস্থিতিঃ সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির গবেষণা কর্মকর্তা- ১ জনাব দীপায়ন চক্রবর্তী সভার কর্মপত্র উপস্থাপন করেন বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	কার্যবিবরণী দৃঢ়ীকরণ		গত ০৮ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন করার জন্য পরিবীক্ষণ কমিটির ৩য় (তৃতীয়) সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে।	
২.	সিটিজেন চার্টার-এ প্রতিশ্রুত সেবার নাম হালনাগাদকরণ	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.১২-এ বিদ্যমান সেবার নাম 'ডরমিটরি সিট ভাড়া প্রদান' পরিবর্তন করে 'ডরমিটরি সিট বরাদ্দ' নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ১.১৫-এ সেবার নাম পরিবর্তন করে 'Online Registration'-এর পরিবর্তে 'প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণ' শীর্ষক সেবার নাম নির্ধারণ এবং ক্রমিক ১.১৬-এ নতুন সেবা হিসেবে 'প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনার জন্য বক্তা কর্তৃক অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণ' অন্তর্ভুক্তকরণের বিষয়ে আলোচনা হয়।	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.১২-এ বিদ্যমান সেবার নাম 'ডরমিটরি সিট ভাড়া প্রদান' পরিবর্তন করে 'ডরমিটরি সিট বরাদ্দ', ক্রমিক ১.১৫-এ সেবার নাম হিসেবে 'প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণ' এবং ক্রমিক ১.১৬-এ নতুন সেবা হিসেবে 'প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনার জন্য বক্তা কর্তৃক অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণ' অন্তর্ভুক্ত করতে হবে।	গবেষণা কর্মকর্তা- ১

৩.	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান বিষয়ক কলাম হালনাগাদকরণ	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.১২-এ প্রয়োজনীয় কাগজপত্র হিসেবে 'জাতীয় পরিচয় পত্রসহ নির্ধারিত ফর্মে আবেদন' করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও ক্রমিক ১.১৫ ও ১.১৬-এ প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান বিষয়ক কলামে একাডেমির ওয়েবসাইট-এর লিংক দেয়া যেতে পারে মর্মে আলোচনা হয়।	ক্রমিক ১.১২-এ প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান বিষয়ক কলামে 'জাতীয় পরিচয় পত্রসহ নির্ধারিত ফর্মে আবেদনের ভিত্তিতে' এবং ক্রমিক ১.১৫ ও ১.১৬-এ একাডেমির ওয়েবসাইট এর লিংক উল্লেখ করতে হবে।	গবেষণা কর্মকর্তা-১
৪.	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি হালনাগাদকরণ	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.১২-এ সেবামূল্য হালনাগাদ করে এসি সিট ভাড়া: ৮০০ টাকা এবং নন এসি সিট ভাড়া: ৬০০ টাকা হিসেবে উল্লেখ করা এবং পরিশোধ পদ্ধতি হিসেবে 'নগদ/চেক/বিকাশ' মাধ্যমের নাম অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	নাগরিক সেবার অন্তর্গত ক্রমিক ১.১২-এ সেবামূল্য হালনাগাদ করে এসি সিট ভাড়া: ৮০০ টাকা এবং নন এসি সিট ভাড়া: ৬০০ টাকা এবং পরিশোধ পদ্ধতি হিসেবে 'নগদ/চেক/বিকাশ' মাধ্যমের নাম উল্লেখ করতে হবে।	গবেষণা কর্মকর্তা-১
৫.	সিটিজেন চার্টারের কার্যক্রম পরিবীক্ষণ	একাডেমির সিটিজেন চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে সকল সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি ০১ (এক) মাস পর পর নির্ধারিত ছকে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রতি ০১ (এক) মাস পর পূর্ব নির্ধারিত ছকে প্রতিবেদন প্রস্তুত করে প্রশাসন শাখায় জমা প্রদান অব্যাহত রাখতে হবে। পূর্ব নির্ধারিত নিম্নরূপ কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন: গবেষণা ও প্রকাশনা শাখা: (ক) জনাব তৌহিদুর রহমান চৌধুরী (উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এবং (খ) জনাব লিপিয়া খাতুন, মূল্যায়ন কর্মকর্তা। প্রশাসন শাখা: (ক) জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-০১, এবং (খ) জনাব এ.টি.এম মোতাহার হোসেন, নির্বাহী কর্মকর্তা। প্রশিক্ষণ কর্মকর্তা: (ক) জনাব মৌফুল নাহার, প্রশিক্ষক-০২, এবং (খ) জনাব আবুল হোসেন, প্রশিক্ষণ কর্মকর্তা-০১	উপ-পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌঃ মোঃ আবদুর রশিদ
পরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.১৪

তারিখ: ২ আষাঢ়. ১৪২৯
১৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ২) উপপরিচালক, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৩) প্রশিক্ষক-৩, প্রশিক্ষণ-৩ শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৪) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৫) গবেষণা কর্মকর্তা-২, গবেষণা ও প্রকাশনা শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১